রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন –

"তোমাদের সাধারণ ব্যক্তির উপর আমার যতখানি মর্যাদা, ঠিক তেমনি একজন আলিমের মর্যাদা একজন আবিদের উপর। নিশ্চয়ই আল্লাহ, তাঁর ফেরেশতারা, আসমান ও জমিনের অধিবাসীরা, এমনকি গর্তের পিঁপড়া ও পানির মাছ পর্যন্ত সেই ব্যক্তির জন্য দোয়া করে যে মানুষকে কল্যাণের শিক্ষা দেয়।"

– তিরমিযী, হাদিস নং: ২৬৮৫

ইংরেজীর Edভেঞ্চার

# IELTS এবং TOEFL

স্বপ্নের স্কোরের খোঁজে একটি আদর্শ দিকনির্দেশনা


এম আর চৌধুরী

ড. এস এফ আহমেদ



Shobaz প্রকাশনী

ইংরেজীর Edভেঞ্চার

# IELTS এবং TOEFL

স্বপ্নের স্কোরের খোঁজে একটি আদর্শ দিকনির্দেশনা

**মোঃ রিজভী চৌধুরী**

**ড. শেখ ফারুক আহমেদ**

সৌজন্যে এবং সার্বিক সহযোগিতায়

**কৃষি হাসপাতাল**

Shobaz প্রকাশনী

# ইংরেজীর Edভেঞ্চার

**IELTS এবং TOEFL**

প্রথম প্রকাশ: ২০২৬ ইং

সবায প্রকাশনী

ঢাকা, বাংলাদেশ

মূল্য : ৪০০ (চারশত) টাকা মাত্র।

---

ENGREJIR EDVENTURE IELTS EBONG TOEFL jointly authored by Md. Rizvi Chowdhury and Dr. Sheikh Faruk Ahmed. First Edition: 2026. Published by Shobaz Publication, Dhaka, Bangladesh. Price: 400 (Four hundred) Bangladeshi taka only.

## কপিরাইট © ২০২৬ – সর্বস্বত্ব সংরক্ষিত।

এই বইয়ের কোনো অংশ লেখকের অনুমতি বহির্ভূত আলোকচিত্র, অডিও, ভিডিও, ইলেকট্রনিক বা অন্য যেকোনো মাধ্যমে মুদ্রণ, পুনর্মুদ্রণ, অনুলিপি, সংরক্ষণ বা পুনঃপ্রকাশ করা যাবে না। শুধু ন্যায্য ব্যবহার এর আওতায় পর্যালোচনা, সমালোচনা বা শিক্ষামূলক উদ্দেশ্যে সীমিত উদ্ধৃতি ব্যবহার করা যেতে পারে, তবে অবশ্যই যথাযথ সূত্র উল্লেখপূর্বক।

## Copyright © [2026] – All Rights Reserved.

No part of this book may be reproduced, reprinted, copied, stored, or republished in any form whether photographic, audio, video, electronic, or otherwise without prior permission from the author or publisher. Limited quotations may be used under fair use for the purposes of review, criticism, or educational use, provided that proper citation is given.

# উৎসর্গ

এই বইটি উৎসর্গ করছি –

আমার পরম শ্রদ্ধেয় পিতামাতার প্রতি, যাঁদের অক্লান্ত পরিশ্রম, নীরব সাহায্য এবং অফুরন্ত ভালোবাসা আমার প্রতিটি পদক্ষেপের শক্তি।

আমার শ্রদ্ধেয় শিক্ষকমণ্ডলীর প্রতি, যাঁরা শুধু জ্ঞান নয়, জীবন গড়ার পথও দেখিয়েছেন। যাঁদের প্রতিটি শব্দ আমার মনে আলো জ্বালিয়েছে।

আমার প্রিয় বন্ধুদের প্রতি, যারা আনন্দে পাশে ছিল, কঠিন সময়ে ছেড়ে যায়নি এবং স্বপ্নকে সবসময় বাঁচিয়ে রাখতে সাহায্য করেছে।

সবশেষে, সেই সকল জ্ঞানপিপাসু মানুষদের প্রতি, যারা বিশ্বাস করেন –
"জ্ঞানই একমাত্র সম্পদ, যা দিলে কমে না, বরং বাড়ে।"

# মুখবন্ধ

জ্ঞান অর্জনের পথ কখনো সহজ নয়। প্রতিটি পদক্ষেপে থাকে সংশয়, প্রতিটি মোড়ে থাকে অনিশ্চয়তা। তবুও মানুষ এগিয়ে যায় – কারণ স্বপ্ন তাকে থামতে দেয় না।

বাংলাদেশের হাজারো মেধাবী শিক্ষার্থী প্রতি বছর বিদেশে উচ্চশিক্ষার স্বপ্ন দেখেন, কিন্তু ইংরেজী পরীক্ষায় পর্যাপ্ত স্কোরের অভাবে সেই স্বপ্ন অনেক সময় অধরাই থেকে যায়। কোথায় পরীক্ষা দিতে হবে, কীভাবে প্রস্তুতি নিতে হবে, কীভাবে আবেদন করতে হবে – এই প্রশ্নগুলোর উত্তর খুঁজতে গিয়ে অনেকে হয়রান হয়ে পড়েন। আমরা নিজে এই পথ পাড়ি দিয়েছি। জানি কতটা কঠিন লাগে যখন চারদিকে তথ্যের ছড়াছড়ি, অথচ সঠিক তথ্যটি খুঁজে পাওয়া যায় না। IELTS, TOEFL– এর নাম শুনলেই মনে ভয় জন্মায়। অথচ একটু সঠিক সঠিক দিকনির্দেশনা আর নিজের প্রচেষ্টা থাকলে এই পথ মোটেও দুর্গম নয়।

বইটি মূলত লেখা হয়েছে সেই শিক্ষার্থীর কথা মাথায় রেখে, যারা হয়তো একটি ছোট শহরে বসে বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়গুলোতে পড়ার স্বপ্ন দেখছেন। যাদের কাছে হয়তো বড় কোচিং সেন্টারে যাবার সুযোগ নেই, কিন্তু মনের ভেতর আছে তীব্র জিজ্ঞাসা আর অদম্য মনোবল। তাদের সামান্য উপকারে আসলেও আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টা সফল হবে।

– লেখকবৃন্দ

# কৃতজ্ঞতা স্বীকার

সকল প্রশংসা মহান আল্লাহর, যিনি আমাকে এই বইটি লেখার সামর্থ্য দিয়েছেন।

কৃতজ্ঞতা আমার পরিবার ও শ্রদ্ধেয় শিক্ষকমণ্ডলীর প্রতি– যাঁদের ভালোবাসা ছিল শিকড়, দিকনির্দেশনা ছিল আলো। বিশেষ কৃতজ্ঞতা আমার প্রিয় সহধর্মিণী জান্নাতুল ফেরদৌসীর প্রতি। তুমি শুধু পাশেই থাকোনি, প্রতিটি সংশয়ের মুহূর্তে আমাকে নিজের চেয়ে বেশি বিশ্বাস করেছো। এই বই তোমার ধৈর্যেরও ফসল। এছাড়াও শ্রদ্ধেয় সোলায়মান স্যারের কথা শ্রদ্ধাভরে স্মরণ করছি, যার অবদান আমার জীবনে অপরিমেয়। প্রিয় বন্ধু ড. এস. এফ. আহমেদ, তোমার বুদ্ধিদীপ্ত আলোচনা ও নিঃশর্ত উৎসাহ না থাকলে এই পথ অনেক দীর্ঘ হতো।

সর্বশেষ কৃতজ্ঞতা সেই সকল জ্ঞানপিপাসু তরুণদের প্রতি, যাদের স্বপ্নেই এই বইয়ের সূচনা– তোমাদের জন্যই এই লেখা, তোমাদের পথ আলোকিত করুক।

– এম আর চৌধুরী

---

শুকরিয়া মহান আল্লাহর প্রতি, যাঁর অনুগ্রহ বিনে বইটি লেখা অসম্ভব ছিল।

আন্তরিক কৃতজ্ঞতা আমার পরিবারের সকল সদস্যদের প্রতি। আপনাদের নিঃস্বার্থ ভালোবাসা, ধৈর্য, উৎসাহ এবং নীরব ত্যাগ আমার প্রতিটি পদক্ষেপে শক্তি যুগিয়েছে। কৃতজ্ঞতা আমার সম্মানিত শিক্ষকদের প্রতি, যাঁদের জ্ঞান, অভিজ্ঞতা এবং পরামর্শ আমার পথকে সুসংগঠিত করেছে। বিশেষ ধন্যবাদ আমার সহ-লেখক এবং শুভাকাঙ্ক্ষীদের প্রতি, যাঁদের সহযোগিতা এবং উৎসাহ আমাকে বইটি রচনায় নিরবচ্ছিন্নভাবে সহায়তা করেছে।

পরিশেষে, কৃতজ্ঞতা আমার প্রিয় শিক্ষার্থীদের প্রতি, যাঁদের আগ্রহ এবং উদ্দীপনাই বইটির প্রেরণা। বইটি তোমাদের চলার পথে সহায়ক হোক এটুকুই প্রত্যাশা।

– ড. এস এফ আহমেদ

# দৃষ্টি আকর্ষণ

প্রিয় পাঠক, আপনাদের সদয় অবগতির জন্য– বইটিতে উপস্থাপিত সকল তথ্যাবলি প্রকাশনার সময় পর্যন্ত হালনাগাদ, তবে IELTS এবং TOEFL পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ সময়ে সময়ে তাদের নীতিমালা ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে পরিবর্তন আনতে পারে। যদিও এসব পরিবর্তনের অধিকাংশই সীমিত হয় এবং পরীক্ষার মূলনীতি, প্রস্তুতির কৌশল ও মূল্যায়নের ভিত্তি মোটামুটি অপরিবর্তিত থাকে, তবুও সর্বাধিক নির্ভুল তথ্যের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Official website অনুসরণই হবে সর্বোৎকৃষ্ট। পরবর্তী পাতায় প্রদত্ত QR code দ্বারা সরাসরি সংশ্লিষ্ট Website-এ প্রবেশ করতে পারবেন।

IELTS পরীক্ষার দুটি সংস্করণ Academic এবং General Training এর মধ্যে মূলত Academic IELTS-কে কেন্দ্র করেই বইটির আলোচনা, কারণ উচ্চশিক্ষা এবং গবেষণার ক্ষেত্রে এটিই অধিক প্রাসঙ্গিক। তবে প্রয়োজনীয়তা অনুসারে General Training সম্পর্কিত তথ্যও অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়াও বর্তমানে IELTS ও TOEFL উভয় পরীক্ষাই প্রযুক্তিনির্ভর হওয়ায় এই বইয়ের অধিকাংশ আলোচনা IELTS Online এবং TOEFL iBT-কে কেন্দ্র করে উপস্থাপন করা হয়েছে। কিছু বিশেষ প্রসঙ্গ ব্যতীত পুরোনো Paper-based পদ্ধতি নিয়ে বিস্তৃত আলোচনা করা হয়নি। এছাড়াও বইটি সাধারণের বোধগম্যতাকে এবং সচরাচর IELTS ও TOEFL-এ ব্যাবহৃত Terminology গুলোর উপর নজর রেখে বাংলা ও English (বাংলিশ) সংমিস্রনে লেখা যাতে পাঠকদের পরবর্তীতে সংশ্লিষ্ট Website-গুলো থেকে তথ্য খুঁজতে ও বুঝতে সুবিধা হয়।

বইটির প্রতিটি তথ্য যথাসম্ভব সতর্কতা, দায়িত্বশীলতা এবং নির্ভরযোগ্য উৎসের ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে। তবুও কিছু অনিচ্ছাকৃত ত্রুটি থেকে যেতেই পারে, যেটা নিছক আমাদের জ্ঞানের সীমাবদ্ধতা মাত্র। আশা করি, পাঠকবৃন্দ আমাদের এই আন্তরিক প্রচেষ্টাকে মূল্যায়ন করবেন এবং অনিচ্ছাকৃত ও সংশোধনযোগ্য ত্রুটিগুলোর প্রতি সহৃদয় ও ক্ষমাশীল দৃষ্টিতে তাকাবেন। আপনাদের সফল প্রস্তুতি, উচ্চশিক্ষার স্বপ্নপূরণ এবং আন্তর্জাতিক অঙ্গনে এগিয়ে যাওয়ার যাত্রায় এই বইটি সহায়ক হবে–এই প্রত্যাশাই আমাদের প্রেরণা।

– লেখকবৃdন্দ

**ETS.ORG**

**British Council**

**IDP Education**

**IELTS.ORG**

# বইটিতে যা আছে


**মুখবন্ধ** ১১

**কৃতজ্ঞতা স্বীকার** ১৩

**দৃষ্টি আকর্ষণ** ১৫

**বইটিতে যা আছে** ১৯

**প্রথম অধ্যায়**

**IELTS আর TOEFL – বিদেশ যাবার ইংরেজী পরীক্ষা** ২৩

১.১ IELTS আর TOEFL – আলাদিনের দৈত্য না সিনবাদের ভূত? ২৩

১.২ তবে কি IELTS বা TOEFL ছাড়া টিকেট পাব না? ৩০

১.৩ iBT Vs PBT – ইন্টারনেট আর কাগজের লড়াই ৩১

**দ্বিতীয় অধ্যায়**

**পরীক্ষা কাঠামোঃ জটিল নয় মোটেও!** ৩৩

২.১ Reading এর পরীক্ষা কাঠামো ৩৫

২.২ Listening এর পরীক্ষা কাঠামো ৩৯

২.৩ Speaking এর পরীক্ষা কাঠামো ৪১

২.৪ Writing এর পরীক্ষা কাঠামো ৪৪

**তৃতীয় অধ্যায়**

**Scoring Rubrics নিয়ে যত আলাপ** ৪৭

৩.১ TOEFL এর Rubrics – ছয় ব্যান্ড কততে কত? ৪৯

৩.২ IELTS এর Rubrics - নয় ব্যান্ড কততে কত? ৬৮
৩.৩ IELTS ও TOEFL উত্তরপত্রের পোস্টমর্টেম – উত্তরপত্র মূল্যায়ন পদ্ধতি ৭৭

## চতুর্থ অধ্যায়

**প্রস্তুতির প্রাথমিক পর্যায়ঃ শুরুটা যেমন হওয়া উচিত ৯৩**

৪.১ নিজেকে চিনুন, নিজেকে জানুন ৯৫
৪.২ নিজের "Baseline" জানুন ৯৬
৪.৩ কঠিন প্রশিক্ষণ, সহজ যুদ্ধ ৯৯
৪.৪ আগে বর্জন, পরে অর্জন ১০০
৪.৫ প্র্যাকটিসই বানাবে আপনাকে পারফেক্ট ১০২
৪.৬ Free vs Paid রিসোর্সঃ আসলেই কি Worth It? ১০৬

## পঞ্চম অধ্যায়

**TOEFL প্রস্তুতির পথ নকশা ১১৩**

৫.১ Reading: পড়ো, পড়ো এবং আবার পড়ো ১১৩
৫.২ Listening: আমি কান পেতে রই! ১২৩
৫.৩ Speaking: কথার ফুল, কথার কাঁটা ১৩২
৫.৪ Writing: কল্পণার ক্যানভাস ১৪৩

## ষষ্ঠ অধ্যায়

**IELTS এর সাতকাহনঃ প্রস্তুতি থেকে পাড়ি ১৫৩**

৬.১ Listening- কানে কানে চল্লিশ প্রশ্ন ১৫৩
৬.২ Reading- তিন প্রবন্ধে চল্লিশ প্রশ্ন ১৬০
৬.৩ Writing- একটি Data আরেকটি Essay ১৬৫

৬.৪ Speaking- গল্পে হবে অল্প সময় ১৭০

## সপ্তম অধ্যায়

আমি কোনটা দেব – IELTS না TOEFL? ১৭৭

৭.১ যাহাই লাউ তাহাই কি কদু? ১৭৭
৭.২ কার প্রশ্নের ধরন কেমন? ১৮৪
৭.৩ কার স্কোরের শক্তি কত? ১৮৫
৭.৪ Score তুলনা – একটি Score অন্যটির কত সমতুল্য? ১৮৬
৭.৫ কোন Score-এর মেয়াদকাল কত? ১৮৭
৭.৬ IELTS বনাম TOEFL – একি তবে গোলআলু বনাম চ্যাপ্টাআলু? ১৮৮
৭.৭ এবারে বলি টাকার কথা ১৮৯
৭.৮ কোনটা কঠিন কোনটা সহজ? ১৯০

## অষ্টম অধ্যায়

রেজিস্ট্রেশন পদ্ধতিঃ যেভাবে ইংরেজীর যুদ্ধে নাম লিখাবেন ১৯১

৮.১ TOEFL রেজিস্ট্রেশন – কী, কেন, কীভাবে? ১৯২
৮.২ IELTS এর রেজিস্ট্রেশনঃ কঠিন না সহজ ১৯৯
৮.৩ পরীক্ষার ফি – প্রস্তুতি আগে থেকেই ২০৩
৮.৪ পেমেন্ট পদ্ধতি ২০৬

## নবম অধ্যায়

পরীক্ষার চিন্তায় ঘুম আসে না একলা জেগে রই ২০৯

৯.১ কি করবেন আর কি নয় ২১১
৯.২ চেকলিস্ট – সব নিয়েছি তো? ২১২

## দশম অধ্যায়

**ফিরে দেখা** ২১৫

১০.১ সারমর্ম ২১৫
১০.২ পরীক্ষা কেন্দ্রের Do’s আর Don'ts ২১৬
১০.৩ স্কোর প্রাপ্তির সময় ২১৬
১০.৪ স্কোর বাড়ানোর গোপন টিপস যা কেউ বলে না! ২১৮
১০.৫ Vocabulary নিয়ে যতকথাঃ কিছু প্রয়োজনীয় শব্দগুচ্ছ ২২২
১০.৬ Templates – কি, কেন, কীভাবে? ২২৪
১০.৭ ঘড়ির কাঁটা টিকটিক! ২২৫
১০.৮ জানা থাকা ভাল - সাধারণ কিছু প্রশ্নের উত্তর ২২৯
১০.৯ উপসংহার ২৩২

**লেখক পরিচিতি** ২৩৬
**পরামর্শ সেবা** ২৩৯

# প্রথম অধ্যায়

## IELTS আর TOEFL – বিদেশ যাবার ইংরেজী পরীক্ষা

### ১.১ IELTS আর TOEFL – আলাদিনের দৈত্য না সিনবাদের ভূত?

খুব বেশিদিন আগের কথা নয়। তখন আশেপাশের সবাই যেন দেশ ছাড়ার এক উদগ্র ব্যাকুলতায় আচ্ছন্ন ছিল। কেউ কর্মসূত্রে যেতে চায়, আর কেউবা যেতে চায় উচ্চশিক্ষার্থে। এর মাঝে আবার পিএইচডি করতে যেতে চাওয়া লোকের সংখ্যাটাই সিংহভাগ। আমি তখন পড়ে গেলাম "কনফিউশন"-এর অথৈ সাগরে! এক পাশে সরকারি চাকরি, বিশেষত রিসার্চভিত্তিক জব গুলোর হাতছানি; অন্য দিকে কর্পোরেটে স্মার্ট, স্কিলফুল আর উচ্চ জীবনের আলোকিত তবে চ্যালেঞ্জিং জীবনের আহ্বান। এরই মাঝে আবার বিদেশে গিয়ে

উন্নত জীবনযাত্রা, আর তার সাথে সাথে নামের আগে "ড এ বিসর্গ" মানে ডক্টর বসানোর সুবর্ণ সুযোগ! এ তো মহা মুশকিল, এ কূল রাখি না ও কূল ধরি?

শেষমেষ ভেবে-চিন্তে একটা উপায় বের করলাম, যাতে সাপও ভাঙ্গে আর লাঠিও……!!! আরে ধুর……!!! কি বলতে কি বলি, সাপও মরে আবার লাঠিও না ভাঙ্গে।

সিদ্ধান্ত নিলাম, সরকারি রিসার্চভিত্তিক চাকরি গুলোর প্রস্তুতি নেব। তাতে লাভ হলো, কাঙ্ক্ষিত চাকরিতে ঢোকার একটা সুযোগ থাকবে, আর তার পাশাপাশি এদিকে ওদিকে একটু বিদেশে উচ্চশিক্ষার সন্ধানও চালিয়ে যাব। যদি কোন কারণে সরকারি চাকরি না-ও হয়, দেশের বাইরে তো যেতে পারব। আর রিসার্চভিত্তিক প্রতিষ্ঠানে যদি ঢুকে যেতেই পারি, তাহলে শিক্ষা ছুটি নিয়ে দেশের বাইরে যাব পিএইচডি করতে। তারমানে- "ড এ বিসর্গ" নামের পাশে বসানো ঠেকায় কে?

উত্তেজনার পারদ নামিয়ে যখন নিজের চমৎকার পরিকল্পনাটার কথা ভাবলাম, মনে একটা দারুণ স্বস্তি এল। নিজের মেধার প্রতি একরাশ মুগ্ধতা নিয়ে ল্যাপটপটা খুলে বসা গেল পড়ার টেবিলে। উদ্দেশ্য, যুগপৎ দুই তরণীতে পা রেখে গগনস্পর্শী হওয়া। অথচ নিয়তি হাসছিল, কারণ মূল বিষয়েই তখনো আমার সম্যক ধারণার চরম ঘাটতি ছিল।



# লেখক পরিচিতি


## মোঃ রিজভী চৌধুরী

বৈজ্ঞানিক কর্মকর্তা

**সহকারী গবেষক** (প্রাক্তন)
উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ
গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় (গাকৃবি)
গাজীপুর ১৭০৬, বাংলাদেশ




মোঃ রিজভী চৌধুরী একাধারে একজন নিবেদিতপ্রাণ কৃষিবিদ এবং গবেষক। মফস্বলের শান্ত ও নিভৃত কোল জুড়ে তাঁর জন্ম এবং বেড়ে ওঠা। ইঁট-পাথরের কৃত্রিমতার বাইরে, গ্রামীণ জনপদের চিরন্তন প্রকৃতি আর শ্যামল পরিবেশের প্রতি এক অমোঘ ও নাড়ির টান তিনি অনুভব করেছেন শৈশব থেকেই। প্রকৃতির এই নিবিড় সান্নিধ্যই পরবর্তীতে তাঁর জীবনের লক্ষ্য স্থির করে দেয়—মাটি ও মানুষের কল্যাণে নিজেকে সঁপে দেওয়ার। এর অবধারিত ফলশ্রুতি হিসেবে তিনি কৃষি বিজ্ঞানকে আপন করে নেন এবং অত্যন্ত কৃতিত্বের সাথে এই কৃষিতে স্নাতক ও উদ্ভিদ রোগতত্ত্বে স্নাতকোত্তর ডিগ্রি সম্পন্ন করেন।

পুঁথিগত বিদ্যাকে কেবল গবেষণাগারের চার দেয়ালে বন্দি না রেখে, তিনি মাঠপর্যায়ে টেকসই ও লাগসই কৃষি প্রযুক্তির বিকাশ এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় নিজেকে নিয়োজিত করেন। তাঁর মূল লক্ষ্য—কীভাবে আমাদের কৃষি হয়ে উঠবে আরও সবুজ, আরও নিরাপদ। উল্লেখ্য যে, এম আর চৌধুরী, বৈশ্বিকভাবে বহুল প্রচলিত জৈব বালাইনাশক ট্রাইকোডার্মার মাইক্রো-ক্যাপসুলেশন প্রযুক্তি নিয়ে স্বদেশীয় গবেষণার প্রথম পথপ্রদর্শক। তার এ বিশেষ গবেষণা প্রবন্ধ "Elsevier" এর স্বনামধন্য আন্তর্জাতিক জার্নাল "Plant Stress" এ প্রকাশিত হয় এবং দেশীয় রোগতত্ত্ব গবেষক মহলে বেশ সাড়া জাগায়।

বর্তমানে এই তরুণ বিজ্ঞানী আধুনিক জৈবপ্রযুক্তির কার্যকর প্রয়োগের মাধ্যমে সম্পূর্ণ নিরাপদ ফসল উৎপাদন এবং পরিবেশবান্ধব কৃষি ব্যবস্থাপনা নিয়ে নিরলস গবেষণা করে

যাচ্ছেন। তাঁর বিশ্বাস, প্রকৃতির সাথে বৈরিতা করে নয়, বরং বিজ্ঞান ও প্রকৃতির মেলবন্ধনেই লুকিয়ে আছে আমাদের আগামী প্রজন্মের সুস্থ ও নিরাপদ ভবিষ্যতের চাবিকাঠি।

প্রোফাইল লিঙ্কসমূহঃ


- orcid.org/0000-0001-9071-9403
- scholar.google.com.au/citations?hl=en&authuser=2&user=a3guiiAAAAAJ
- scopus.com/authid/detail.uri?authorId=58235368100


---


## ড. শেখ ফারুক আহমেদ

সহকারী অধ্যাপক, ফসল উদ্ভিদবিদ্যা বিভাগ
গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর ১৭০৬, বাংলাদেশ

**পোস্ট-ডক্টরাল রিসার্চ ফেলো** (প্রাক্তন)
ডিপার্টমেন্ট অব ফুড এগ্রিকালচার এন্ড বায়োরিসোর্সেস
এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (এ আই টি)
ব্যাংকক, থাইল্যান্ড




ড. আহমেদ এর জন্ম বাংলাদেশের সাংস্কৃতিক রাজধানী কুষ্টিয়া জেলার, পোড়াদহ ইউনিয়নের চিথলিয়া গ্রামে। গ্রামীণ পরিবেশের শৈশব তাঁকে প্রকৃতি ও মানুষের সম্পর্ক নিয়ে ভাবিয়েছে–কখনো প্রশ্নে, কখনো নিঃশব্দে। বিজ্ঞান তাঁর কাছে শুধু গবেষণার বিষয় নয়, বরং একটি গল্প–জীবনের, পরিবেশের, ভবিষ্যতের।

কৃষিতে গবেষণা ও উদ্ভাবনের প্রত্যয়কে হৃদয়ে ধারণ করে, উন্নত গবেষণার অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে তিনি দক্ষিণ কোরিয়া, যুক্তরাষ্ট্র, জাপান, কানাডা, অস্ট্রেলিয়া,

নিউজিল্যান্ড, চীন, এবং থাইল্যান্ডে ফুললি ফান্ডেড স্কলারশিপের আহ্বান পান। তবে তৎকালীন সংঘটিত বিশ্ব মহামারী কোভিড-১৯ এর ক্রমবর্ধমান প্রকোপ রোধে চীন ও পাশ্চাত্য সহ বিশ্বের অধিকাংশ দেশে সাধারণের প্রবেশাধিকার রুদ্ধ থাকায় তিনি থাইল্যান্ডের এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (এ আই টি) থেকে কৃষি ব্যবস্থাপনা ও প্রকৌশলে পিএইচ.ডি. সম্পন্ন করেন এবং গবেষণার জন্য সম্মানজনক *H M King's Scholarship এবং TGIST Award* অর্জন করেন। পাশাপাশি, তিনি অনেগুলি আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান যেমন RIMES, CTCN, FAO এর সাথে জলবায়ু-সহনশীল কৃষি বিষয়ে গবেষণা করেছেন যার অধিকাংশই ক্ষ্যতনামা আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে। আমেরিকান অন্তর্জাতিক সংস্থা The Rockefeller Foundation ড. ফারুক এর গবেষণা কৃতিত্বের একটি প্রবন্ধও প্রকাশ করেছে।

ড. আহমেদ মূলত একজন গবেষক ও শিক্ষক, যিনি বিজ্ঞান ও সৃজনশীলতার সংমিশ্রণে নতুন দিগন্ত উন্মোচনে বিশ্বাসী। গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে কর্মরত ড. ফারুক উদ্ভিদ শারীরবিজ্ঞান, পরিবেশগত চাপ সহনশীলতা এবং রক্ষণশীল কৃষি ব্যবস্থাপনায় অভিজ্ঞ হবার লক্ষ্যে শিক্ষকতার পাশাপাশি টেকসই, লাগসই, রক্ষণশীল, এবং জলবায়ু সহনশীল কৃষি প্রযুক্তি নিয়ে গবেষণায় নিয়োজিত রয়েছেন।

প্রোফাইল লিঙ্কসমূহঃ

- orcid.org/0000-0001-6771-2924
- linkedin.com/in/ahmed-sheikh-faruk/
- researchgate.net/profile/Sheikh-Faruk-Ahmed
- scholar.google.com/citations?user=gO3GuvIAAAAJ&hl=en
- scopus.com/authid/detail.uri?authorId=58271984700

# পরামর্শ সেবা

প্রবাসে উচ্চশিক্ষা, ইংরেজির দক্ষতা সহ ফুললি ফান্ডেড স্কলারশিপ বা ফেলোশিপ সংক্রান্ত সংক্রান্ত সাধারণ জিজ্ঞাসা এবং ব্যক্তিগত পরামর্শ সেবার জন্য নিচের কিউ আর (QR) কোডটি স্ক্যান করুন অথবা নিচে দেয়া লিঙ্কটি ব্যাবহার করুন।

https://shobaz.com/consultancy

ISBN Number: 978-984-35-9460-0

সৌজন্যে এবং সার্বিক সহযোগিতায়

Krishi Hospital - কৃষি হাসপাতাল

(Care Towards a Greener Planet – সবুজ পৃথিবীর প্রত্যাশায়)

www.facebook.com/groups/krishihospital

www.krishihospital.org hospitalkrishi@gmail.com